edtrust NEW YORK

# নিউ ইয়র্কে হাই স্কুল পর্যায়ে কলেজ ক্রেডিট অর্জনের জন্য আপনার নির্দেশিকা

## আপনার সন্তানকে হাই স্কুলে পড়াকালীন অবস্থায়ই কলেজ ক্রেডিট অর্জনে সহায়তা করার উপায়

---

## নিউ ইয়র্কে হাই স্কুল পর্যায়ে কলেজ ক্রেডিট কী?

হাই স্কুলে কলেজ ক্রেডিট, যাকে ডুয়াল এনরোলমেন্ট বা আর্লি কলেজ নামেও ডাকা হয়, এটি হাই স্কুল শিক্ষার্থীদের জন্য একটি সুযোগ যাতে তারা হাই স্কুলে থাকতেই কলেজ-স্তরের পাঠ্যক্রমে অংশ নিতে পারে। এই কোর্সগুলো হাই স্কুল এবং কলেজ উভয়ের ক্রেডিট হিসেবেই গণ্য হয়। এর ফলে, আপনার সন্তান কলেজ জীবনের প্রস্তুতি আগেভাগেই শুরু করতে পারে.

## কেন এটি গুরুত্বপূর্ণ — হাই স্কুলে কলেজ ক্রেডিট অর্জনের উপকারিতা



- **অর্থ সাশ্রয়:** হাই স্কুলে কলেজ ক্রেডিট অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা কলেজের কিছু পাঠ্যক্রম আগেই সম্পন্ন করতে পারে, ফলে কলেজের সময় ও খরচ উভয়ই হ্রাস পায়। এতে তারা দ্রুত ডিগ্রি সম্পন্ন করার সুযোগ পায়।

- **কলেজের প্রস্তুতিমূলক আত্মবিশ্বাস বৃদ্ধি:** শিক্ষার্থীরা যদি আগেভাগে কলেজ-স্তরের শিক্ষার অভিজ্ঞতা লাভ করে, তবে তারা উচ্চশিক্ষার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও আত্মবিশ্বাস গড়ে তুলতে সক্ষম হয়, যা কলেজ পর্যায়ে উত্তরণের প্রক্রিয়া সহজ করে।

- **পেশাগত আগ্রহ অন্বেষণ:** হাই স্কুল পর্যায়েই শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে পড়াশোনা করে নিজেদের পেশাগত ঝোঁক ও আগ্রহ নির্ধারণ করতে পারে, এবং সেই প্রক্রিয়ায় শিক্ষকদের সহায়তাও পায়।

- **কলেজে ভর্তি আবেদনপত্রে বিশেষ গ্রহণযোগ্যতা:** যেহেতু কলেজ-স্তরের পাঠ্যক্রমগুলো শিক্ষার্থীদের হাই স্কুল ট্রান্সক্রিপ্টে অন্তর্ভুক্ত হয়, তাই তা প্রমাণ করে যে শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য প্রস্তুত। এতে কলেজে ভর্তি হওয়ার প্রতিযোগিতায় তারা অন্যান্যদের তুলনায় এগিয়ে থাকে।

আর সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হলো—এই কর্মসূচিগুলোর অনেকগুলোই সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয়।

# নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে হাই স্কুল পর্যায়ে কলেজ ক্রেডিট কার্যক্রমের প্রকৃতি ও বাস্তব রূপ

নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে শিক্ষার্থীদের জন্য হাই স্কুলে থাকাকালীন অবস্থায় কলেজ ক্রেডিট অর্জনের একাধিক সুযোগ রয়েছে।আপনার সন্তান যেন উচ্চশিক্ষার পথে আগেভাগে যাত্রা শুরু করতে পারে, তার জন্য এখানে তিনটি প্রধান উপায় উল্লেখ করা হলো, যেগুলোর মাধ্যমে হাই স্কুল পর্যায়েই কলেজ ক্রেডিট অর্জন করা সম্ভব—

### হাই স্কুলে কলেজ ক্রেডিট (ডুয়াল বা কনকারেন্ট এনরোলমেন্ট কর্মসূচি)

নিউ ইয়র্কের অনেক হাই স্কুল স্থানীয় কলেজের সঙ্গে অংশীদারত্বে কাজ করে, যাতে শিক্ষার্থীরা কলেজ-স্তরের কোর্সে অংশগ্রহণ করতে পারে। আপনার সন্তান এই কোর্সগুলো তার নিজস্ব হাই স্কুল ক্যাম্পাসে অথবা সংশ্লিষ্ট কলেজ ক্যাম্পাসে করতে পারে—এটি নির্ভর করে নির্দিষ্ট কর্মসূচির ধরন ও কাঠামোর ওপর।এই ধরনের কর্মসূচিগুলোর নকশা ও খরচ ভিন্ন হয়ে থাকে, তাই আপনার সন্তানের বিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ করে নির্দিষ্টভাবে কোন কোন সুযোগ উপলব্ধ রয়েছে তা জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

### আর্লি কলেজ হাই স্কুল

**কিছু হাই স্কুল একটি বিশেষ, রাজ্য-অনুদানপ্রাপ্ত শিক্ষাগত মডেল অনুসরণ করে, যাকে বলা হয়**

আর্লি কলেজ হাই স্কুল (Early College High School)। এই মডেলের আওতায় রয়েছে স্মার্ট স্কলার্স আর্লি কলেজ হাই স্কুল এবং স্মার্ট ট্রান্সফার আর্লি কলেজ হাই স্কুল।এই ধরনের বিদ্যালয়ে শিক্ষার্থীরা হাই স্কুল থেকে স্নাতক হওয়ার আগেই সম্পূর্ণ বিনামূল্যে একটি অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জনের সুযোগ পায়।এসব স্কুল শিক্ষার্থীদের একাডেমিক সাফল্য নিশ্চিত করতে অতিরিক্ত শিক্ষাগত সহায়তা প্রদান করে এবং বিশেষ গুরুত্ব দেয় সেইসব শিক্ষার্থীদের, যারা উচ্চশিক্ষা ব্যবস্থায় তুলনামূলকভাবে কম প্রতিনিধিত্বশীল।

### প্রযুক্তি শিক্ষার পথনির্দেশনা আর্লি কলেজ হাই স্কুল, সংক্ষেপে পি-টেক (P-TECH)

পি-টেক (P-TECH) বিদ্যালয়সমূহ রাজ্য-অনুদানপ্রাপ্ত এবং একটি বিশেষ ছয় বছরব্যাপী শিক্ষাগত কর্মসূচি প্রদান করে, যা অষ্টম শ্রেণি থেকে শুরু হয়ে চতুর্দশ শ্রেণি পর্যন্ত বিস্তৃত—অর্থাৎ, প্রচলিত হাই স্কুল শেষে হওয়ার পর আরও দুই বছরের শিক্ষাক্রম।এই কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীরা একটি পূর্ণাঙ্গ হাই স্কুল ডিপ্লোমা ও একটি সম্পূর্ণ বিনামূল্যে অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করে স্নাতক হয়।পি-টেক স্কুলগুলো সরকারি স্কুল, কলেজ এবং শিল্পখাতের নিয়োগকারীদের মধ্যে অংশীদারত্বের ভিত্তিতে পরিচালিত হয়। নিউ ইয়র্ক সিটি-তে IBM প্রথম পি-টেক কর্মসূচির সূচনা করে, এবং পরবর্তীতে আরও অনেক প্রতিষ্ঠান এতে যুক্ত হয়েছে।এই কর্মসূচিগুলোর লক্ষ্য হলো শিক্ষার্থীদের একই সঙ্গে ডিপ্লোমা ও ডিগ্রি অর্জনের সুযোগ করে দেওয়া এবং পাশাপাশি তাদের একটি নির্দিষ্ট পেশাগত পথে যাত্রা শুরু করাতে সহায়তা করা।.

## কীভাবে শুরু করবেন

আপনার সন্তান যদি হাই স্কুলে থাকাকালীন কলেজ ক্রেডিট অর্জনে আগ্রহী হয়, তাহলে আপনি নিচের উপায়গুলোতে তাকে সহায়তা করতে পারেন:

- **বিদ্যালয়ের পরামর্শদাতার সঙ্গে কথা বলুন:** বিদ্যালয়ের কাউন্সেলরেরাই সবচেয়ে ভালোভাবে জানেন কোন কোন কর্মসূচি উপলব্ধ রয়েছে এবং কীভাবে আবেদন করতে হয়।
- **যোগ্যতার শর্তাবলি যাচাই করুন:** কিছু কর্মসূচির জন্য নির্দিষ্ট জিপিএ (GPA) অথবা প্লেসমেন্ট পরীক্ষার প্রয়োজন হতে পারে।

- **আপনার সন্তানকে অনুসন্ধান করতে উৎসাহ দিন:** এই কোর্সগুলো নতুন বিষয় শেখার ও আত্মবিশ্বাস গড়ে তোলার একটি চমৎকার সুযোগ।
- **এই কোর্সগুলো নতুন বিষয় শেখার ও আত্মবিশ্বাস গড়ে তোলার একটি চমৎকার সুযোগ।:** বিশেষ করে যদি ক্লাসগুলো কলেজ ক্যাম্পাসে হয়।

হাই স্কুলে কলেজ ক্রেডিট কর্মসূচিতে আপনার সন্তানকে সহায়তা করা মানে তাদের শুধু কলেজের জন্য নয়, বরং স্নাতকোত্তর জীবনের জন্যও কার্যকর প্রস্তুতি প্রদান করা। তারা চাইলে এগিয়ে থাকতে পারে, কলেজের খরচ সাশ্রয় করতে পারে, কিংবা নিজের আগ্রহের বিষয়গুলো অন্বেষণ করতে পারে—এই ধরনের কর্মসূচিগুলো তাদের জন্য নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করতে পারে।

## অতিরিক্ত তথ্যসূত্র:

- এডট্রাস্ট–নিউ ইয়র্ক কর্তৃক ডুয়াল এনরোলমেন্ট সম্পর্কিত তথ্য
- নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে আর্লি কলেজ পথসমূহ সম্পর্কে আরও জানুন
- পলিসির পথে: নিউ ইয়র্কের হাই স্কুলে কলেজ কর্মসূচির জন্য সমতা-কেন্দ্রিক রাজ্যব্যাপী নীতি তৈরির পরবর্তী ধাপসমূহ

**এডট্রাস্ট–নিউ ইয়র্ক সম্পর্কে:**

এডট্রাস্ট–নিউ ইয়র্ক এমন একটি সংস্থা, যা শিক্ষাক্ষেত্রে বিদ্যমান সমতা ও সুযোগের ঘাটতি দূর করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ—যেসব বাধা শিক্ষার্থীদের তাদের পূর্ণ সম্ভাবনা অর্জন থেকে বিরত রাখে। সংস্থাটি বিশেষভাবে মনোযোগ দেয় কৃষ্ণাঙ্গ, লাতিনো, এশীয়-আমেরিকান ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জভুক্ত, আদিবাসী এবং নিম্ন-আয়সম্পন্ন পরিবারের শিক্ষার্থীদের ওপর, যেন তারা শৈশবকাল থেকে শুরু করে কলেজ পর্যায় পর্যন্ত উচ্চমানের সাফল্য অর্জন করতে পারে।আরও তথ্যের জন্য ভিজিট করুন: EdTrustNY.org.

